



ICB SECURITIES TRADING COMPANY LIMITED

(A Subsidiary of ICB)

Green City Edge (7th Floor), 89, Kakrail, Dhaka-1000, Bangladesh

TEL : PABX : 8300461, 8300462, FAX : +880-2-8300466

E-mail : istclbd@gmail.com, Website : www.istcl.com.bd

হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ১৮ চৈত্র ১৪৩২
০১ এপ্রিল ২০২৬

প্রশাসনিক পরিপত্র নং- ০৬/২০২৬

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর অনুমোদিত বেতন কাঠামো/বেতনস্কেল, ২০১৬ অনুযায়ী কোম্পানির সকল শ্রেণীর কর্মচারীর সন্তান শিক্ষা সহায়ক ভাতা প্রদানের নিম্নরূপ বিধান রয়েছেঃ

ক) সকল কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে এবং অনধিক ০২ (দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১,০০০.০০ (এক হাজার) টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রদেয় হবে।

খ) স্বামী ও স্ত্রী উভয়ই সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/ আইসিবি-র সাবসিডিয়ারী কোম্পানির কর্মচারী হলে সন্তান সংখ্যা যে কোন একজনের ক্ষেত্রেই গণনা করে ভাতার পরিমাণ নির্ধারণ করতে হবে।

গ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র (Enrollment Certificate from the Head of Institute) এবং জন্ম নিবন্ধন সনদের কপি (Copy of Birth Certificate) দাখিল সাপেক্ষে এ ভাতা প্রদেয় হবে। জন্ম নিবন্ধন সনদ মোতাবেক এ ভাতা ২৩ (তেইশ) বছর পর্যন্ত বয়সী সন্তান/সন্তনেরা প্রাপ্য হবেন। এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৪.১০.২০১৫ তারিখের ০৭.১৭৩.০৩১.০২.০০.০৩০.২০১০-৭৯ নং স্মারক এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (প্রবিধি অনুবিভাগ)-এর এস, আর, ও নং ৪১-আইন/২০১৮ অনুসৃত হবে।

০২। উপরিউক্ত বর্ণনা মোতাবেক কোম্পানির কর্মচারীগণ জানুয়ারি-ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত সন্তান প্রতি মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা এবং অনধিক ০২ (দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১,০০০/- (এক হাজার) টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্য হবেন।

০৩। উপর্যুক্ত বিধানের আওতায় সন্তান শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্তির জন্য কোম্পানির কর্মচারীগণকে সংযুক্ত নমুনা অনুযায়ী আবেদন ও এতৎসঙ্গে নিম্নলিখিত দলিলাদি সংযুক্তকরণপূর্বক হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-এ আগামী ১৫.০৪.২০২৬ তারিখের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলোঃ

ক) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র (Enrollment Certificate from the Head of Institute); এবং

খ) জন্ম সনদের কপি (Copy of Birth Certificate)।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(এ, কিউ, এম শফিউল আলম)

উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১) প্রধান নির্বাহী কর্মকর্তা -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২) অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিন) -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩) অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনস) -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (ইন্টারন্যাশনাল কন্ট্রোল এন্ড কমপ্ল্যান্স ও সেক্রেটারিজ ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিনিস্ট্রেশন ও ফাইন্যান্স ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনস) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (আইসিটি ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮) আইএসটিসিএল এর সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/এক্সটেনশন অফিস/ডিজিটাল বুথ/শাখাসমূহ।
- ০৯) অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ০১) ডিপার্টমেন্ট প্রধান, সফটওয়্যার ডিপার্টমেন্ট, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।